আয়ুর্ব্বেদীয় ঔষধ ও তৈলাদির
নির্ভরযোগ্য প্রতিষ্ঠান
ব্রজশশী আয়ুর্ব্বেদ ভবনের
চ্যবনপ্রাশ
কবিরাজ শ্রীরোহিনীকুমার রায়, বি-এ,
কবিরত্ন, বৈদ্যশেখর
রঘুনাথগঞ্জ — মুর্শিদাবাদ

হাতে কাটা
বিশুদ্ধ পৈতা
পণ্ডিত-প্রেসে পাইবেন।

Registered
No. C. 853

জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

বহরমপুর এক্সরে ক্লিনি[ক]
জল গম্বুজের নিকট
পোঃ বহরমপুর ঃ মুর্শিদাবাদ
জেলার প্রথম বেসরকারী প্রচেষ্টা
★ বিশেষ যত্ন সহকারে রোগিদের এক্সরে
সাহায্যে রোগ পরীক্ষা করিয়া ব্যবস্থা করা হয়
★ যথা সত্বর কাজ করা আমাদের বিশেষত্ব
★ কলিকাতার মত এক্সরে করা হয়।
★ দিবারাত্রি খোলা থাকে।
জেলাবাসীর সহানুভূতি ও সহযোগিতা প্রার্থনীয়।

৫১শ বর্ষ } রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—২রা অগ্রহায়ণ বুধবার, ১৩৭১ ইং 18th Nov. 1964 { ২৬শ সংখ্[যা]

রান্নায় আনন্দ

এই কেরোসিন কুকারটির অভিনবত্ব রন্ধনের ভীতি দূর করে রন্ধন প্রীতি এনে দিয়েছে।

রান্নার সময়েও আপনি বিশ্রামের সুযোগ পাবেন। কয়লা ভেঙে উনুন ধরাবার পরিশ্রম নেই, অস্বাস্থ্যকর ধোঁয়া না থাকায় ঘরে ঘরে ঝুল জমবে না।

জটিলতাহীন এই কুকারটির সহজ ব্যবহার প্রণালী আপনাকে তৃপ্তি দেবে।

- ধুলা, ধোঁয়া বা ঝঞ্ঝাটহীন।
- স্বল্পমূল্য ও সম্পূর্ণ নিরাপদ।
- যে কোনো অংশ সহজলভ্য।

খাস জনতা

কেরোসিন কুকার

রন্ধনে স্বাচ্ছন্দ্য ও নিপুণতা আনবে।

প্রস্তুতকারক:
দি ওরিয়েণ্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ প্রাইভেট লিঃ
৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা-১২

KALPANA O.M.

বাস্তুজমি বিক্রয়

রঘুনাথগঞ্জ হাসপাতালের পশ্চিমে দুই বিঘা বাস্তুজমি বিক্রয় আছে। স্কুল, কোর্ট, বাজার ইত্যাদি নিকটে। বিস্তারিত বিবরণের জন্য নিম্নে অনুসন্ধান করুন।

প্রফুল্লকুমার ব্যানার্জী
পোঃ রঘুনাথগঞ্জ — জেলা মুর্শিদাবাদ

স্টুডেন্টস ফেভারিট

রঘুনাথগঞ্জ, (বাস ষ্ট্যাণ্ড) মুর্শিদাবাদ

★ পাঠাগার, স্কুল ও কলেজের সব রকমের বই, খেলার সরঞ্জাম, কাগজ পেন ইত্যাদি সবচেয়ে সুবিধায় কিনুন।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

জঙ্গিপুর সংবাদ

২রা অগ্রহায়ণ বুধবার সন ১৩৭১ সাল।

সুপ্রভার সুপ্রভাত!

—•—

শ্রীমতী সুপ্রভা দেবী ?
কেবা ইনি ? কোথা তাঁর ঘর ?
"আনন্দবাজার" পত্রিকায়
পড়ে নিন পরিচয়
দোসরা আর চৌঠা নভেম্বর।
ইনি তো ব্রাহ্মণ-কন্যা—
কেবা স্বামী কে তাঁর শ্বশুর
নাম ব'লে পরিচয় দেওয়া যে কসুর।
ছবি আছে, নাম আছে,
পড়ুন ও দেখুন তা ভাবি—
চব্বিশ পরগণা জেলা
গ্রামখানি নাম হরিনাভি।
ডেপুটি কর্নেল জি, এল, ভট্টাচার্য্য স্বামী—
পাক সৈন্যের পাকে পড়ে পাক জেলে আসামী।
আট বছরের জেলের হুকুম—চার বছরে মাপ
দিলেন আয়ুব খান দয়ার মা-বাপ!
প্রদীপ, প্রদোষ দুটি ছেলে
মা তাহাদের একা,
ঢাকা জেলে স্বামীর সনে
করতে যেতেন দেখা।
ডাক্তার বিধান রায়ে মুখ্যমন্ত্রী ভেবে
কতবার যে গেছেন তার কে হিসাব দিবে।
অশোক সেন, সিদ্ধার্থ রায় করলেন কত চেষ্টা
এম, পি, রা সব করল কত, ফল হলো না শেষটা।
ডাক্তার রায়, নেহেরুজী সবার চেষ্টা গত
আয়ুব খাঁ আটকে চার করলো পরিণত।
অবশ্য গাহিতে হবে খাঁ সাহেবের গুণ—
এই সুকার্য্য করার তারিখ বাষট্টির বিশ জুন।
এখন সতী স্ত্রীয়ের পতিভক্তি,
লোকের ভালবাসা।
পূর্ণ করুন ভগবান এই আমাদের আশা।
"যথা ধর্ম্ম তথা জয়" সাধু জনের বাক্য।
শেষ ভাল যার সব ভাল তার
সুপ্রভা তার সাক্ষ্য।

—

রঘুনাথগঞ্জ তরকারীর বাজারে পাইকারদের উৎপাত

জঙ্গিপুর মিউনিসিপ্যালিটীর রঘুনাথগঞ্জ সহরে ৫নং ওয়ার্ডে বহুকাল হইতে তরিতরকারী ও মাছের বাজার বসিতেছে। বর্ত্তমানে এই বাজারের বার আনা অংশের মালিক স্থানীয় জমিদারগণ ও চারি আনা অংশের মালিক পশ্চিমবঙ্গ সরকার। এই বাজারে প্রত্যহ স্থানীয় গৃহস্থগণ তাঁহাদের আবশ্যকীয় মাছ তরকারী ক্রয় করিয়া থাকেন। কিছুদিন হইতে এই বাজারে বিদেশাগত কয়েকজন পাইকার আসিয়া বেগুন, মূলো প্রভৃতি ক্রয় করিয়া লওয়ায় সাধারণ গৃহস্থগণের খুব অসুবিধা হইতেছে। এটা খুচরা বিক্রয়ের বাজার। পাইকারদের উৎপাত হইতে নিষ্কৃতি পাইবার জন্য জঙ্গিপুরের মাননীয় মহকুমা শাসক মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করিতেছি।

—

গোবিন্দপুর উচ্চ বিদ্যালয়

গত ৮ই নভেম্বর রবিবার রঘুনাথগঞ্জ সার্কেলের বিদ্যালয় সমূহের অবর পরিদর্শক শ্রীস্বরাজরঞ্জন সেন মহাশয়ের সভাপতিত্বে গোবিন্দপুর উচ্চ বিদ্যালয়ের কার্য্যকরী সমিতি পুনর্গঠিত হইয়াছে। ব্যালট পেপারে ভোট গ্রহণ করা হয়। নিম্নের ভদ্রমহোদয়-গণ বিভিন্ন শ্রেণী হইতে নির্ব্বাচিত হইয়াছেন।

অভিভাবক শ্রেণী :—

সর্ব্বশ্রী অমরেন্দ্রনাথ দাস, খালেদ বিশ্বাস,
শচীন্দ্রনাথ রায়, হুমায়ুন বিশ্বাস।

দাতা/হিতৈষী/প্রতিষ্ঠাতা শ্রেণী :—

আবদুর রাজ্জাক মিঞা, শ্রীশম্ভুনাথ রায়।

বিদ্যোৎসাহী শ্রেণী :— শ্রীশরদিন্দুভূষণ পাণ্ডে।

—

কংগ্রেস প্রার্থী পরাজিত

শ্রীনৃসিংহ মিত্র (মন্ত্রী বাবু) প্রাক্তন এম-এল-এ ও বর্ত্তমান বীরভূম জেলা স্কুল বোর্ডের সভাপতি শ্রীখগেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়কে পরাজিত করিয়া খয়রাশোল ব্লকের সভাপতি নির্ব্বাচিত হইয়াছেন। শ্রী মিত্র ফরওয়ার্ড ব্লক সমর্থিত প্রার্থী ছিলেন।

—

পশ্চিমবঙ্গে বাসযাত্রীর দুর্দ্দশা

শ্রীমিহিরলাল চট্টোপাধ্যায় মহাশয় সদ্য পাঞ্জাব রাজ্য ও উত্তরপ্রদেশ ভ্রমণ করিয়া তাঁহার অভিমত প্রকাশ করিয়াছেন যে, ঐ দুইরাজ্যে সর্ব্বত্র সকল জেলায় বাস সার্ভিস সরকার পরিচালিত। ঐ রাজ্যে বাসে যতগুলি আসন ততগুলি যাত্রী গ্রহণ করা হয়। কোন লোককে বাসে দাঁড়াইতে দেওয়া হয় না। বাসের ভিতরের রাস্তাটিতে কোন জিনিস রাখিতে দেওয়া হয় না। পাঞ্জাবে বাসে কোন শ্রেণী বিভাগ নাই। সহরের বাস ষ্ট্যাণ্ড সমূহ রেল ষ্টেশনের অনুরূপ সকল প্রকার সুযোগ সুবিধা সম্পন্ন। বাস সার্ভিস অত্যন্ত ঘন ঘন চলাচল করার জন্য যাত্রীদের যাতায়াতের অসীম সুবিধা, বহু বাস ২৫০/৩০০ মাইল পর্য্যন্ত যায়— এবং ঘন ঘন বাস ছাড়ে। তাঁহার মতে পশ্চিমবঙ্গ যেমন খাদ্যে, শিল্পে, অর্থে পাঞ্জাব ও উত্তরপ্রদেশ অপেক্ষা অনেক পশ্চাৎপদ। আধুনিক বাস-ট্রান্সপোর্ট সম্বন্ধে পশ্চিমবঙ্গের মফঃস্বল জেলাগুলি পাঞ্জাব ও উত্তর প্রদেশের তুলনায় আদিম বর্ব্বর যুগেই রহিয়া গিয়াছে। পশ্চিমবঙ্গ সরকার পরিচালিত দুর্গাপুরের বাস সার্ভিস—পাঞ্জাব, উত্তর প্রদেশ, মহারাষ্ট্র, গুজরাট, মাদ্রাজ রাজ্যসমূহের সরকারী বাস সার্ভিসের তুলনায় কলঙ্কের নিদর্শন। পশ্চিমবঙ্গের বাসের ভাড়াবৃদ্ধির পূর্ব্বে এখানকার বাস ব্যবস্থা অন্যান্য রাজ্যের অনুরূপ করা উচিত। যাঁহারা বাস ব্যবসা করেন কিংবা R. T. A.র সভ্য তাঁহারা কুয়ার ব্যাঙ না হইয়া ভারতেরই অন্তর্গত অন্যান্য প্রগতিশীল প্রদেশের বাস ব্যবস্থা একবার দেখিয়া আসুন। দেখিলে লজ্জায় অধোবদন হইবেন—সেবিষয়ে বিন্দুমাত্র সন্দেহ নাই।

—

ধর্ম্মের খতিয়ান

পৃথিবীতে কোন্ ধর্ম্মের অনুসারী কতো? সম্প্রতি হিসেব বেরিয়েছে যে, পৃথিবীর বর্ত্তমান লোকসংখ্যা ৩০৬ কোটি ৮০ লক্ষ। এর প্রায় এক-তৃতীয়াংশ খৃষ্টান। খৃষ্টানদের মধ্যে আবার ভাগ এইরকম: ৫৭ কোটি ২০ লক্ষ ক্যাথলিক, ২২ কোটি প্রোটেষ্টাণ্ট ১৩ কোটি অর্থোডক্স চার্চ্চপন্থী। মুসলমানদের সংখ্যা ৪৩ কোটি ৭০ লক্ষ, কনফুসীয় ৩৩ কোটি ৫০ লক্ষ আর হিন্দু প্রায় ৩৪ কোটি। বৌদ্ধদের হিসেবে অনেক গড়মিল, এদের সংখ্যা মতভেদে সাড়ে তের কোটি থেকে ২৬ কোটি।

চতুষ্পাঠীর ছাত্রের কৃতিত্ব

লাভপুরের স্বর্গীয় যাদবলাল বন্দ্যোপাধ্যায়ের স্থাপিত তাঁহার পিতার নামাঙ্কিত গণেশ চতুষ্পাঠীর একটী ছাত্র পশ্চিমবঙ্গের মধ্যে কাব্যের মধ্য পরীক্ষায় সর্ব্বোচ্চ স্থান অধিকার করিয়া সরকারী বৃত্তি লাভ করিয়াছে। ছাত্রটি তিন বৎসরের জন্য মাসিক পনর টাকা বৃত্তি পাইবে।

অতি বর্ষণের ফলে
ব্যাপক ফসলহানির সম্ভাবনা

এ বছর জেলায় আমন ফসলের যে উজ্জ্বল সম্ভাবনা ছিল—সাম্প্রতিক অতি বৃষ্টির ফলে তা বিনষ্ট হয়েছে বলে গ্রামাঞ্চলের সংবাদে জানা যায়। অতি বর্ষণের ফলে কার্ত্তিকে ধান আধাআধি রকম নষ্ট হবে বলে কৃষকদের নিশ্চিত ধারণা। আমন ধানের ফুল এই বর্ষণের ফলে বহুলাংশে ঝরে যায় এবং হাওয়ার ঝাপটায় পরিপুষ্ট ধানগাছ মাটিতে পড়িয়া যাওয়ায় উহাতে আর ধান ফলিবার সম্ভাবনা নাই।

পরলোকগমন

বীরভূম জেলার একনিষ্ঠ গান্ধীবাদী কংগ্রেস নেতা শ্রীঅশ্বিনীকুমার মুখোপাধ্যায় মহাশয় ৭৩ বৎসর বয়সে পরলোকগমন করিয়াছেন।

নূতন মুন্সেফ বাবু

জঙ্গিপুর মুন্সেফী আদালতের প্রথম কোর্টের মুন্সেফ শ্রীকালিদাস বন্দ্যোপাধ্যায় মহাশয় কৃষ্ণনগর বদলী হওয়ায় তাঁহার স্থানে শ্রীঅমরনাথ সাহা মহাশয় কার্য্যভার গ্রহণ করিয়াছেন। আমরা নবাগত মুন্সেফ বাবুকে সাদর অভিনন্দন জ্ঞাপন করিতেছি। 'অয়মারম্ভ শুভায় ভবতু'।

প্রাথমিক শেষ পরীক্ষা—১৯৬৪

আগামী ২৩শে, ২৪শে ও ২৫শে নভেম্বর মুর্শিদাবাদ জেলার বিভিন্ন কেন্দ্রে নিম্নমুদ্রিত সময় অনুযায়ী পরীক্ষা গৃহীত হইবে।

তারিখ	সকাল ১০-৩০ মিঃ হ'তে বেলা ১টা	বৈকাল ২টা হ'তে ৩-৩০ মিঃ পর্য্যন্ত
২৩শে নভেম্বর (সোমবার)	মাতৃভাষা	ভূগোল ও প্রকৃতি বিজ্ঞান
২৪শে নভেম্বর (মঙ্গলবার)	গণিত	ইতিহাস
২৫শে নভেম্বর (বুধবার)	সকাল ১০-৩০ মিঃ হ'তে বেলা ১২টা পর্য্যন্ত ইংরেজী	

দক্ষিণগ্রামে
"মহারাজ নন্দকুমার" অভিনয়

গত ২৩শে কার্ত্তিক (সোমবার) রাত্রি ৮টায় দক্ষিণগ্রাম পল্লী উন্নয়ন সমিতির সভ্যবৃন্দ কর্ত্তৃক মহেন্দ্রনাথ গুপ্তের "মহারাজ নন্দকুমার" নাটকখানি সমিতির নিজস্বমঞ্চে সগৌরবে অভিনীত হইয়াছে। পার্শ্ববর্ত্তী অঞ্চল হইতে বহু লোকের সমাগম হইয়াছিল। উক্ত অনুষ্ঠানে নৃত্যগীতে দক্ষিণগ্রাম মহিলা সমিতির অবদান বিশেষ উল্লেখযোগ্য।

যাত্রাভিনয়

রঘুনাথগঞ্জ যুবক সংঘ ব্যায়াম মন্দির ও পাঠচক্রের উদ্যোগে তুলসীবিহার বাটী প্রাঙ্গণে "সোনাইদীঘি" যাত্রাভিনয় হইয়াছে। অভিনয় সর্ব্বাঙ্গসুন্দর হইয়াছিল। অভিনয় দেখার জন্য বহুজন সমাগম হইয়াছিল।

একটি বাড়ী — একটি সহর

পশ্চিম জার্মানীতে ৩৭৫০ ফুট উঁচু এক গগন[illegible] ভবন নির্মাণের জন্য নক্সা তৈরী করা হচ্ছে[illegible] বাড়ীটি হবে ৩৫৬ তলা, এতে ২৫ হাজার লো[illegible] বাসের উপযোগী আট হাজার ঘর নির্মাণ [illegible] হবে। বাড়ীতে আর কি থাকবে? এর ভূ[illegible] থাকবে গ্যারেজ, যেখানে চার হাজার গাড়ী র[illegible] যাবে। প্রতি ২০ কি ৩০ তলায় বাসিন্দা[illegible] প্রয়োজনীয় খাদ্য ও অন্যান্য জিনিস সরবরাহের জ[illegible] দোকানপাট এবং গোটাকয়েক সিনেমা থাকবে[illegible] সম্প্রতি ত্রিশ হাজার টাকা ব্যয়ে এই বাড়ীর ২[illegible] ফুট উঁচু একটি মডেল তৈরী করা হচ্ছে। আসল বাড়ীটি তৈরী করতে খরচ হবে ২৪০ কোটি টাকা এবং সময় লাগবে দশ বছর।

রঘুনাথগঞ্জ সেবা শিবির
ফুটবল প্রতিযোগিতা

—০—

গত ১৫ই নভেম্বর রবিবার বৈকাল ৩-৫০ ঘটিকায় রঘুনাথগঞ্জ সেবা শিবির মাঠে জোতকমল স্পোর্টিং ক্লাব বনাম রঘুনাথগঞ্জ অগ্নি-ফৌজ দলের মধ্যে প্রতিযোগিতা হয়। রঘুনাথগঞ্জ অগ্নি-ফৌজ দল ৪—১ গোলে জয়লাভ করিয়া কাপ পাইয়াছে। বিজয়ী দল সন্ধ্যায় কাপসহ সহর প্রদক্ষিণ করে।

মুশকিল-আসান
(সংকট নিবারণ)

রুখতে চীনের অভিযান,
রাখতে দেশের জাতির মান,
তুচ্ছ ক'রে জীবন প্রাণ
ঐ যে যারা এগিয়ে যান
মোদের শত তরুণ জোয়ান
জোগাতে তাদের অস্ত্র কামান
মুক্ত হস্তে করুন দান।
দেশের সঙ্কট হ'ক অবসান।

বিশ্বস্ততার প্রতীক

গত আশী বছর ধরে জবাকুসুম কেশ তৈল প্রস্তুতকারক হিসাবে সি, কে, সেনের নাম সবাই জানেন তাই খাঁটী আমলা তেল কিনতে হলে সি, কে, সেনের আমলা তেল কিনতে ভুলবেন না। সি, কে, সেনের আমলা তেল কেশবর্দ্ধক ও স্নায়ু স্নিগ্ধকর

সি, কে, সেনের

আমলা কেশ

সি, কে, সেন এণ্ড কোং প্রাইভেট লিঃ
জবাকুসুম হাউস, কলিকাতা-১২

শীতে ব্যবহারোপযোগী

মৃতসঞ্জীবনী সুধা, মহাদ্রাক্ষারিষ্ট চ্যবনপ্রাশ

ঢাকা আয়ুর্ব্বেদীয় ফার্ম্মেসী লিঃ ও সাধনা ঔষধালয়ের প্রস্তুত

যাবতীয় কবিরাজী ঔষধ কোম্পানীর দামে আমাদের এখানে পাবেন।

এজেন্ট—**শ্রীননীগোপাল সেন,** কবিরাজ

অন্নপূর্ণা ফার্ম্মেসী। রঘুনাথগঞ্জ (সদরঘাট)

প্রাথমিক, মধ্য, উচ্চ এবং বহুমুখী বিদ্যালয়ের যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং **বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি** ইত্যাদি ও অঞ্চল পঞ্চায়েৎ, গ্রাম পঞ্চায়েৎ, ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়, কো-অপারেটিভ রুরাল সোসাইটী, ব্যাঙ্কের যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি

সর্ব্বদা সুলভ মূল্যে বিক্রয় হয়

রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে ডেলিভারী দেওয়া হয়

আর্ট ইউনিয়ন

সিটি সেলস অফিস	সেলস অফিস ও শোরুম
৮০/৩, মহাত্মা গান্ধী রোড, কলি-৯	৮০।১৫, গ্রে ষ্ট্রীট, কলিকাতা-৬
টেলি: 'আর্ট ইউনিয়ন' কলি:	ফোন: ৫৫-৪৩৬৬

শ্রীঅরুণ

কমার্শিয়াল আর্টিষ্ট ও ফটোগ্রাফার

ছায়াবাণী সিনেমার সম্মুখে

পোঃ রঘুনাথগঞ্জ — মুর্শিদাবাদ

জঙ্গিপুর সংবাদ সাপ্তাহিক সংবাদপত্র।

বার্ষিক মূল্য ২'২৫ নঃ পঃ অগ্রিম দেয়, নগদ মূল্য ০৬ নঃ পঃ।

বিজ্ঞাপনের হার—প্রতিবার প্রতি লাইন ৫০ নঃ পঃ। দুই টাকার কমে কোন বিজ্ঞাপন ছাপান হয় না। স্থায়ী বিজ্ঞাপনের জন্য পত্র লিখুন। ইংরাজী বিজ্ঞাপনের দর বাংলার দ্বিগুণ।

শ্রীবিনয়কুমার পণ্ডিত পোঃ রঘুনাথগঞ্জ (মুর্শিদাবাদ)

রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।